দৈনিক খবর

তারিখ 06 OCT 1993
পৃষ্ঠা 7 কলাম 2

৩।

# ওসমানী মেডিকেল কলেজে ধর্মঘট পালিত

সিলেট ব্যুরো থেকে খায়রুল আমীন মঞ্জু জানান: সিলেট এম এ জি ওসমানী মেডিকেল কলেজের সার্জারী বিভাগের প্রধান অধ্যাপক ডি ই রেজা চৌধুরীর উপর হামলার প্রতিবাদে গতকাল মেডিকেল কলেজে ছাত্র ধর্মঘট পালিত হয়েছে।

২–এর পাতা ৬ষ্ঠ কঃ দেখুন

## ওসমানী মেডিকেল

প্রথম পৃষ্ঠার পর

এদিকে গতকাল সকাল সাড়ে ১১টায় মেডিকেল কলেজ কনফারেন্স রুমে সন্ত্রাস ও চাঁদাবাজের দৌরাত্ম্য এবং ডাঃ ডি ই রেজা চৌধুরীর উপর হামলার প্রতিবাদে হাসপাতালের সর্বস্তরের চিকিৎসক, কর্মকর্তা, কর্মচারী ও ছাত্রদের যৌথ উদ্যোগে এক সভা অনুষ্ঠিত হয়। অধ্যাপক ডাঃ এম এ রকিবের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় সার্বিক আইন–শৃংখলার অবনতিতে ক্ষোভ প্রকাশ করা হয়। সভায় আজ থেকে ৮ই অক্টোবর পর্যন্ত সকল চিকিৎসকের প্রাইভেট প্রাকটিস এবং বেসরকারী ক্লিনিকে চিকিৎসা সেবা প্রদান থেকে বিরত এবং ওসমানী হাসপাতালে প্রতিদিন সকাল ১০টা থেকে ১২টা পর্যন্ত অনির্দিষ্টকালের জন্যে প্রতীকী কর্মবিরতি পালনের কর্মসূচীসহ কালো ব্যাজ ধারণের কর্মসূচী নেয়া হয়। সভা শেষে মিছিলসহকারে স্বরাষ্ট্রমন্ত্রী বরাবরে জেলা প্রশাসকের মাধ্যমে একটি স্মারকলিপি পেশ করা হয়।

এছাড়া ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালের চতুর্থ শ্রেণীর কর্মচারীরাও গতকাল প্রতিবাদ মিছিল বের করে এবং ডাঃ জি ই রেজা চৌধুরীর উপর হামলার প্রতিবাদ জানিয়ে মেডিকেল কলেজের অধ্যক্ষ, হাসপাতালের পরিচালক, জেলা প্রশাসক, পুলিশ সুপারের কাছে পৃথক পৃথকভাবে স্মারকলিপি পেশ করে।

এদিকে, কর্মবিরতি চলাকালে হাসপাতালের জরুরী বিভাগে চিকিৎসা প্রদান অব্যাহত থাকবে। উল্লেখ্য, গত ২রা অক্টোবর এই হামলা সংঘটিত হয়।